

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭০০

আগরতলা, ০৭ ফেব্রুয়ারী, ২০১৮

বিধানসভা নির্বাচন : ই ভি এম কমিশনিং শুরু

আসন্ন বিধানসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনের পক্ষ থেকে আজ থেকে ই ভি এম-র কমিশনিং করার কাজ শুরু হয়েছে। আজ দুপুরে নির্বাচন দপ্তরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক শ্রীরাম তরণীকান্তি একথা জানিয়েছেন। তিনি জানান, নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা নেয়া হয়েছে। ই ভি এম কমিশনিং এর ব্যাপারে অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক তাপস রায় জানান, উত্তর ত্রিপুরা জেলায় আজ থেকে ১০ ফেব্রুয়ারী পর্যন্ত, ধলাই জেলায় আজ এবং আগামীকাল, দক্ষিণ জেলায় আজ থেকে ১২ ফেব্রুয়ারী পর্যন্ত এবং খোয়াই জেলায় আজ ও আগামীকাল ই ভি এম কমিশনিং করা হবে। এছাড়া, উনকোটি জেলায় ৯ ফেব্রুয়ারী এবং ১০ ফেব্রুয়ারী, পশ্চিম জেলায় ১০ ফেব্রুয়ারী থেকে ১২ ফেব্রুয়ারী পর্যন্ত, সিপাহীজলা জেলায় ৯ ফেব্রুয়ারী থেকে ১৩ ফেব্রুয়ারী পর্যন্ত এবং গোমতী জেলায় ৮ ফেব্রুয়ারী থেকে ১০ ফেব্রুয়ারী পর্যন্ত ই ভি এম কমিশনিং করা হবে।
